



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2019

CC3-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ $3 \times 8 = 12$

- (ক) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম ও প্রকাশকাল উল্লেখ করোঃ
বীরাঙ্গনা, গঙ্গা, ক্ষুধিত পাষাণ।
- (খ) বাংলা পত্রপত্রিকার ইতিহাসে প্রথম দৈনিক বাংলা পত্রিকার নাম কি ? সম্পাদক কে ছিলেন ? পত্রিকাটি দৈনিক আকারে কবে প্রকাশিত হয় ?
- (গ) 'মোছ্ব' শব্দটি ধ্বনি পরিবর্তনের কোন সূত্র মেনে এসেছে ব্যাখ্যা করো।
- (ঘ) নিম্নলিখিত বাক্যগুলিকে IPA তে রূপান্তরিত করোঃ
প্রত্যেক তুচ্ছ কথায় বাংলাদেশের একটি মূর্ণি, ধামের একটি সংগীত, গৃহের একটি আস্থাদ পাওয়া যায়।
- (ঙ) সবুজপত্র কত সালে কার সম্পাদনায় প্রকাশিত হয় ? এই পত্রিকায় প্রথম সংখ্যায় প্রকাশিত রবীন্দ্রনাথের কবিতাটির নাম লেখো।
- (চ) পদাতিক, চোরাবালি, অকেষ্টা, ঝরা পালক, কঙ্কালতী, দোলনচাঁপা-কাব্যগুলির রচয়িতার নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ $6 \times 8 = 24$

- (ক) বাংলা সাহিত্যের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।
- (খ) বাংলা শব্দভাণ্ডারের মৌলিক শব্দ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- (গ) উত্তরবঙ্গে প্রচলিত উপভাষাগুলির নাম লেখো। এদের মধ্যে যে-কোনো একটি উপভাষার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- (ঘ) বাংলা গদ্য সাহিত্যে প্যারাচাঁদ মিত্রের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) কবি মানকুমারী বসুর কাব্যকৃতি আলোচনা করো।
- (চ) যে-কোনো একটি উপন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করোঃ
কপালকুণ্ডলা, চোখের বালি, কবি।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ $12 \times 2 = 24$

- (ক) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান লেখো।
- (খ) বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের ভূমিকা আলোচনা করো।
- (গ) বাংলা কাব্য ও কবিতায় মধুসূদন আধুনিকতার যে বীজ বপন করেছিলেন তা বাংলা কবিতাতে কালান্তরের সূচনা করেছিল - তাঁর কাব্যকৃতি আলোচনা করে উক্তিটির সারমর্ম বিচার করো।
- (ঘ) রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার জন্ম ইতিহাস বিবৃত করো।

— — — — —



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2019

CC4-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ $3 \times 8 = 24$
- কালিদাসের 'রঘুবংশম' কাব্যটি কয়টি সর্গে বিভক্ত? সর্গগুলির নাম লেখো। এটি কোন ধরনের রচনা?
 - ভবভূতির নাটকের সংখ্যা কয়টি ও কী কী? তাঁর শ্রেষ্ঠ নাটকটির উৎস নির্দেশ করো।
 - বাণভট্ট কোন রাজার সভাকবি ছিলেন? তাঁর পৃষ্ঠপোষক রাজার জীবন-কথা অবলম্বনে রচিত গ্রন্থটির নাম লেখো। এই গ্রন্থের কয়েকটি চরিত্রের নাম লেখো।
 - 'প্যারাডাইস লস্ট' কাব্যটি কার রচিত? এটি কোন ধরনের কাব্য? এটি কোন শতকে রচিত হয়েছিল?
 - চার্লস ডিকেন্সের আত্মজৈবনিক রচনাটির নাম কী? এটি কবে প্রকাশিত হয়েছিল? এই গ্রন্থের দুটি অধ্যান চরিত্রের নাম লেখো।
 - 'মৃচ্ছকটিক', 'ঝাতুসংহার', 'মহাবীর চরিত', 'ম্যান অ্যাণ্ড সুপারম্যান', 'লুসি কবিতা গুচ্ছ', 'কিং লীয়ার' — গ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ $6 \times 4 = 24$
- কালিদাসের 'মেঘদূতম' কাব্যটির বিশেষত্ব সংক্ষেপে লেখো।
 - বাণভট্টের 'কাদম্বরী' সম্পর্কে রবীন্দ্রনাথ বলেছিলেন — "সমস্ত কাদম্বরী কাব্য একটি চিত্রশালা" — মন্তব্যটির সারবত্তা আলোচনা করো।
 - যে-কোনো একটি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো — 'মালতী মাধব', 'দ্য প্রিলিউড'।
 - 'লিরিক্যাল ব্যালাডস' কাদের সম্পাদনায় কবে প্রকাশিত হয়েছিল? ইংরেজি সাহিত্যের ইতিহাসে এই গ্রন্থটির গুরুত্ব নির্দেশ করো।
 - সন্তে রচয়িতা শেক্সপীয়রের বিশেষত্ব আলোচনা করো।
 - বার্নার্ড শ এর 'আর্মস অ্যাণ্ড দ্য ম্যান' কবে রচিত হয়েছিল? সংক্ষেপে এর বিষয়বস্তু আলোচনা করে এই নাটকের আধুনিকতা নির্দেশ করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ $12 \times 2 = 24$
- সংস্কৃত নাট্য সাহিত্যের ইতিহাসে কালিদাসের স্থান নির্দেশ করো।
 - জয়দেব সংস্কৃত সাহিত্যের শেষ উল্লেখযোগ্য কবি — আলোচনা করো।
 - শেক্সপীয়রের কমেডি নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
 - টি.এস.এলিয়টের সাহিত্যে যুগগত অবক্ষয়ের ছবি ফুটে উঠেছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

— X —